যুগান্তর

তারিখ 14 DEC 2006
পৃষ্ঠা ... কলাম ...

# রাজধানীর সরকারি স্কুলগুলোতে ভর্তি ফরম বিক্রি শুরু

## অভিভাবক-শিক্ষার্থীদের দীর্ঘ লাইন

যুগান্তর রিপোর্ট

ঢাকা মহানগরীর ২৪টি সরকারি স্কুলে প্রথম থেকে নবম শ্রেণীতে ভর্তির ফরম বিক্রি বুধবার শুরু হয়েছে। ফরম বিক্রির প্রথম দিনে স্কুলগুলোতে ছিল অভিভাবক-শিক্ষার্থীদের দীর্ঘ লাইন। অনেকে সকাল ৭টায় এসে ভর্তি ফরম নিয়েছেন দুপুর ১২টায়। তবে অনেক স্কুলে অব্যবস্থাপনার কারণে ভোগান্তির শিকার হয়েছেন অভিভাবকরা। ভর্তি ফরম বিক্রি চলবে ২৪ ডিসেম্বর পর্যন্ত। আগামী ৭ জানুয়ারি থেকে 'এ', 'বি' ও 'সি' গ্রুপে ভাগ করে ভর্তি পরীক্ষা নেয়া হবে।

বুধবার ধানমণ্ডির গভ. ল্যাবরেটরি হাইস্কুলে গিয়ে দেখা যায় ফরম নিতে আসা অভিভাবকদের দীর্ঘ লাইন। এ স্কুলে সকাল ৮টা থেকে প্রথম, ষষ্ঠ ও নবম শ্রেণীর ফরম বিক্রি শুরু হয়। তবে সকাল ৭টা থেকেই অভিভাবকরা বুথগুলোতে ভিড় জমান। মতিঝিল সরকারি বালক উচ্চ বিদ্যালয় ও মতিঝিল সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে দুপুরের পরও ফরম নিতে আসা অভিভাবকদের দীর্ঘ লাইন দেখা গেছে। সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে তৃতীয়, চতুর্থ, পঞ্চম, ষষ্ঠ, সপ্তম ও অষ্টম শ্রেণীর ফরম বিক্রি শুরু হয় দুপুর ১২টায়। অনেক অভিভাবক সকাল ৭টায় ফরম নেয়ার জন্য স্কুলে আসেন। রামপুরা থেকে আসা অভিভাবক মানসুরা আমীন বেলা দেড়টায় আলাপকালে যুগান্তরকে জানান, সকাল ৭টায় এসেছি। এখনও ফরম নিতে পারিনি। খিলগাঁওয়ের ইমদাদুর রহমান বলেন, নিয়মানুযায়ী ফরম বিক্রি করা হচ্ছে না। যে কারণে ভোগান্তি বেশি হচ্ছে। নির্দিষ্ট লাইন ছাড়াও ফরম দেয়া হচ্ছে। জোর যার মুল্লুক তার নীতিতে ফরম নিচ্ছেন অনেকে। অভিভাবক খালেদা ইয়াসমিন সাথী জানান, সরকারি স্কুলগুলোর শিক্ষার মান সন্তোষজনক। শিক্ষা ব্যয়ও সাধ্যের মধ্যে। তাই পছন্দের তালিকায় সরকারি স্কুলগুলো বেশি প্রাধান্য পায়।

মতিঝিল সরকারি বালক উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা বিলকিস সালাম জানান, সকাল ১০টা থেকে ফরম বিক্রির নোটিশ দেয়ার পরও অভিভাবকরা সকাল ৭টায় এসেছেন। এ ভোগান্তির জন্য স্কুল কর্তৃপক্ষ দায়ী নয়।

এবার ভর্তি পরীক্ষার ফি ও ভর্তি ফরমের মূল্য নির্ধারণ করা হয়েছে ১০০ টাকা। 'এ' গ্রুপের স্কুলগুলোর ভর্তি পরীক্ষা হবে ৭ জানুয়ারি, 'বি' গ্রুপের ৮টি স্কুলের ৯ জানুয়ারি এবং 'সি' গ্রুপের ৮টি স্কুলের পরীক্ষা হবে আগামী ১১ জানুয়ারি।